

ঘূর্ণিঝড়ে বিদ্যালয় ও মাদ্রাসা বিধ্বস্ত ॥ পাঠদান ব্যাহত

কাজিপুর (সিরাজগঞ্জ) থেকে সংবাদদাতা ॥ কাজিপুর উপজেলার ঐতিহ্যবাহী আর, ডি, উচ্চ বিদ্যালয়ের ৬টি ক্লাশ রুম ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হওয়ায় ক্লাশ রুমের অভাবে ছাত্র-ছাত্রীদের পাঠদানে মারাত্মক ব্যাধাত ঘটছে। প্রয়োজনীয় অর্থের অভাবে বিধ্বস্ত ক্লাশ রুম মেরামত করতে না পারায় খোলা আকাশের নিচে শিক্ষকরা ক্লাশ নিচ্ছেন। বৃষ্টি হলেই নিরুপায় হয়ে ক্লাশ বন্ধ করে দেন কর্তৃপক্ষ। গত ২২ জুন ঘূর্ণিঝড়ে ক্লাশ রুম বিধ্বস্ত হওয়ার পর জরুরী ভাবে আর্থিক অনুদান চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে আবেদন করলেও এখন পর্যন্ত কোন আর্থিক বরাদ্দ পাওয়া যায়নি বলে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান।

নলছিটি (খালকাঠি) থেকে সংবাদদাতা ॥ নলছিটি উপজেলার দক্ষিণ ডেবরা-ভবানীপুর ইসলামিয়া মাদ্রাসা আকস্মিক ঘূর্ণিঝড়ে সম্পূর্ণ ধ্বংস হয়েছে। জানা গেছে, উপজেলার দক্ষিণ ডেবরা-ভবানীপুর ইসলামিয়া মাদ্রাসার ক্লাশ চলাকালে গত ১৮ জুন আকস্মিক ঘূর্ণিঝড় হয়। এসময় মাদ্রাসার ছাউনির টিন উড়ে যায় এবং সম্পূর্ণ মাদ্রাসা ধ্বংস হয়। এতে মাদ্রাসার ৫ লাখ টাকার (১০ম পৃঃ দ্রঃ)

কাজিপুরে ঘূর্ণিঝড়ে (৮ম পৃঃ পর)

বেশী ক্ষয়-ক্ষতি হয়েছে বলে মাদ্রাসা সূত্রে জানা গেছে। মাদ্রাসার তিন শতাধিক ছাত্র-ছাত্রী বর্তমানে খোলা আকাশের নিচে ক্লাশ করছেও। এ মাদ্রাসা পুনঃনির্মাণ করতে হলে ৩/৪ লাখ টাকার প্রয়োজন। কিন্তু মাদ্রাসার তহবিলে কোন অর্থ না থাকায় পুনঃনির্মাণ করা সম্ভব হচ্ছে না।